# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি


BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

1969 to 2029 REACHING NATIONS ECHO OF HIS CALL SINCE 1969

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVIII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 AUGUST No 07


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ১৩৬: ১-১০

১। সদাপ্রভুর ধন্যবাদ করো, কারণ তিনি মঙ্গলময়। তাঁর দয়া অনন্তকাল স্থায়ী।

২। দেবতাদের ঈশ্বরের ধন্যবাদ দাও, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৩। প্রভুদের প্রভুকে ধন্যবাদ দাও, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৪। তাঁর প্রশংসা করো যিনি একাই মহৎ ও আশ্চর্য কাজ করেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৫। যিনি আপন প্রজ্ঞাবলে এই আকাশমণ্ডল সৃষ্টি করেছেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৬। যিনি জলধির উপরে পৃথিবী বিস্তার করেছেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৭। যিনি বৃহৎ জ্যোতিগণ সৃষ্টি করেছেন—তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৮। দিনের উপর শাসন করতে সূর্য, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

৯। রাত্রির উপর শাসন করতে চাঁদ ও তারকারাশি; তাঁর দয়া অনন্তকালস্থায়ী।

১০। যিনি মিশরের প্রথমজাতকে আঘাত করেছিলেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী।



## খ্রীষ্টের এক উত্তম সৈনিক হওয়ার জন্য আপনি আহূত হয়েছেন!

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

**You are called to be a good SOLDIER FOR CHRIST!**



আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট—যিনি পুনরুত্থিত, আমাদের ওপর রাজত্ব করছেন এবং যিনি শীঘ্রই রাজা হিসেবে আসছেন—তাঁর মূল্যবান নামে আপনাদের শুভেচ্ছা জানাই।


আমাদের প্রতিষ্ঠাতা পাস্টর এস.স্যাম সেলভা রাজ, এবং সেই সাথে **'তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার'** কর্মী ও বিশ্বস্ত সমর্থকদের পক্ষ থেকে, আমরা এই আনন্দময় ও আশীর্বাদযুক্ত ৮০তম স্বাধীনতা দিবস উদযাপনে প্রত্যেক ভারতীয়কে আমাদের আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানাই।

এই ঐতিহাসিক মাইলফলকটি যেন আমাদের মনে করিয়ে দেয় যে স্বাধীনতা আমরা পেয়েছি, তাকে যেন আমরা মূল্যবান সম্পদ হিসেবে আগলে রাখি; এটি যেন আমাদের মধ্যে ঐক্যের বন্ধনকে আরও দৃঢ় করে এবং আমাদের প্রিয় জাতির জন্য একটি উজ্জ্বল, শান্তিপূর্ণ ও আশাময় ভবিষ্যতের দিকে একসঙ্গে কাজ করার অনুপ্রেরণা দেয়।

আমরা যখন আমাদের দেশের স্বাধীনতা উদযাপন করছি, তখন আমাদের হৃদয় স্বাভাবিকভাবেই সেই

(ক্রমশঃ, ৩পাতায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



প্রতিদিন খ্রীষ্টিয়ান **ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

পাস্টর এস. স্যাম সেলভা রাজ কর্তৃক

২ মিনিটের বাণী প্রচার!!

ইংরাজী এবং হিন্দি ভাষায় - ভোর ১ ঘটিকায়

তামিল এবং তেলুগু ভাষায় - ভোর ২ ঘটিকায়

এবং তামিল ও ইংরাজী ভাষায় বাণী প্রচার এবং প্রার্থনা

রবিবার সকাল ৮.৩০ এবং সন্ধ্যা ৬.০০

অনুগ্রহ করে সাবস্ক্রাইব করুন ও শেয়ার করুন!!

আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)
Estd. 1969

## *from your dearly beloved brother...*





**"ধন্য তাহারা, যাহারা আচরণে সিদ্ধ, যাহারা সদাপ্রভুর ব্যবস্থা-পথে চলে।" (গীতসংহিতা ১১৯:১)।**

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের চমৎকার নামে আপনাদেরকে অন্তরের অন্তস্থল থেকে শুভেচ্ছা জানাই!

আপনি আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা আশীর্ব্বাদপ্রাপ্ত। তিনি আপনার মহিমান্বিত ভবিষ্যতের জন্য নতুন পথ ও সুযোগ খুলে দেবেন। আমরা প্রতিটি পরিস্থিতিতে তাঁর ওপর ভরসা রাখতে পারি, যেমনটা আমরা করে থাকি। তবে, প্রভুর সম্মুখে বিশ্বস্ততার সাথে পথ চলার বিষয়ে আমাদের সতর্ক হতে হবে।

***"আমি সদাপ্রভুর সাক্ষাতে যাতায়াত করিব, জীবিতদের দেশেই করিব"*** (গীত ১১৬:৯)।

আমরা বুঝতে পেরেছি যে, আগামী বছর থেকে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার প্রতিটি কপির ডাকমাশুল হিসেবে আমাদের ২ টাকা দিতে হতে পারে। এটি আমাদের পরিচর্যার উপর একটি বড় আর্থিক বোঝা হয়ে দাঁড়াবে। অতএব, আমরা বিনীতভাবে আপনাদের প্রার্থনা কামনা করি, যেন ঈশ্বর আমাদের মাননীয় যোগাযোগ মন্ত্রী এবং ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর হৃদয় স্পর্শ করে— যাতে তাঁর আহ্বানের প্রতিধ্বনির মতো নিবন্ধিত মাসিক পত্রিকার জন্য বর্তমান ডাকমাশুল হার বহাল রাখা হয়। ঈশ্বর আমাদের মাননীয় প্রধানমন্ত্রী ও তাঁর প্রতিনিধি দলকে সুস্বাস্থ্য, প্রজ্ঞা এবং দীর্ঘায়ু দান করুন।

ঈশ্বর অনুগ্রহ করে ২০২৬ সালের ৪ঠা জুলাই অনুষ্ঠিত আমাদের নহিমিয় বাইবেল কলেজের ২৬তম সমাবর্তন অনুষ্ঠানকে আশীর্ব্বাদ করেছেন। ৩৭ জন শিক্ষার্থী স্নাতক ডিগ্রি লাভ করেছেন এবং



*আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির ২৬তম সমাবর্তন অনুষ্ঠান*

ঈশ্বরের মহিমান্বিত পরিচর্যার জন্য পৃথক হয়েছেন। সুসমাচার প্রচারক, পালক এবং খ্রীষ্টীয় পরিচর্যার অন্যান্য ক্ষেত্রে সেবা করার জন্য তাদেরকে এখন মিশন ক্ষেত্রে পাঠানো হয়েছে।

সুসমাচার প্রচারক বেঞ্জামিন মোসেস, ঈশ্বরের একজন মহান ব্যক্তি এবং সুসমাচারের চমৎকার প্রচারক এবং মলায়লাম ভাষায় প্রকাশিত 'তাঁর আহ্বানের প্রতিধ্বনি' পত্রিকার সহযোগী সম্পাদক, তাঁর প্রিয় স্ত্রী শ্রীমতী প্রমিলা বেঞ্জামিন এবং কন্যা মিস মহিমা বেঞ্জামিনকে নিয়ে আমাদের প্রধান কার্যালয়ে এসেছিলেন এবং আমাদের সাথে এক আশীর্ব্বাদপূর্ণ সহভাগিতা পালন করেছিলেন। তাঁদের জন্য আমরা ঈশ্বরের কাছে কৃতজ্ঞ।

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Sis. Sajini Cherian
Rev. Dr. J. John Rajarathnam, B.E.S., B.D., M.Th.
Rev. Dr. K.R. Rajasekaran
Adv. N. Balaji, B.Com., M.L.
EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293
Cell : (+91) 98410 71852, 98412 71858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◻ BIBLECOR - Postal Courses (3 languages) ◻ YouTube Ministry ◻ Online Courses ◻ Theological Correspondence Courses (2 languages) ◻ Church Planting ◻ Nehemiah Bible Colleges ◻ Gospel Printing Press ◻ Great Commission Partners ◻ St. Paul's Matriculation School ◻ Crusades ◻ Community Development



*ইভ. বেঞ্জামিন মোসেস, সহযোগী সম্পাদক (মালায়লাম এবং তাঁর পরিবারের ছবি*

ভারত প্রায় ১৫০ কোটি জনসংখ্যার একটি মহান গণতান্ত্রিক দেশ। পরিসংখ্যান দেখায় যে খ্রীষ্টানরা জনসংখ্যার মাত্র ২ শতাংশ। তাই, যাদের কাছে যীশু খ্রীষ্টের সুসমাচার পৌঁছায়নি, তাদের কাছে তা পৌঁছে দেওয়ার এক বিরাট দায়িত্ব আমাদের রয়েছে।

আপনি যখন এই বার্তাটি পড়ছেন, ঈশ্বর যদি আপনার হৃদয়ে কথা বলেন এবং আপনাকে এই পরিচর্যায় অংশ নিতে পরিচালিত করেন, তবে আমরা আপনাকে তাঁর নির্দেশনা অনুযায়ী কাজ করার জন্য উৎসাহিত করছি। দয়া করে আপনার প্রার্থনায় স্থানীয় পালক এবং পরিচর্যাকারীদের মনে রাখবেন এবং ঈশ্বর যেভাবে আপনাকে সামর্থ্য দেন সেভাবে তাঁদের সহায়তা করুন। আমরা ক্রমাগত আপাদের জন্য প্রার্থনা করি এবং প্রার্থনা করি যেন ঈশ্বর আপনাকে প্রাচুর্যের সাথে আশীর্ব্বাদ করেন।

***"...শস্য প্রচুর বটে, কিন্তু কার্য্যকারী লোক অল্প;***

***অতএব শস্যক্ষেত্রের স্বামীর নিকটে প্রার্থনা কর,যেন তিনি নিজ শস্যক্ষেত্রে কার্য্যকারী লোক পাঠাইয়া দেন।"*** মথি ৯:৩৭-৩৮

প্রভু যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,,
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

সমস্ত বীর পুরুষ ও নারীদের অসংখ্য ত্যাগের প্রতি কৃতজ্ঞতায় ভরে ওঠে, যারা আমাদের স্বাধীনতার জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন। তাঁদের সাহসিকতা, অধ্যবসায় এবং অবিচল উৎসর্গই সেই ভিত্তি হয়ে উঠেছে যার ওপর আমাদের স্বাধীনতা গড়ে উঠেছে। প্রায় আট দশক আগে যারা বেঁচে ছিলেন, তাঁদের ত্যাগই আজ আমরা যে স্বাধীনতা উপভোগ করছি তার মূল্য হিসেবে পরিশোধিত হয়েছে। তাঁদের রক্তই সেই বীজ হয়ে উঠেছিল, যা থেকে আমাদের দেশের স্বাধীনতা প্রস্ফুটিত হয়েছে।

এটি আমাদের আরও এক মহান ত্যাগের কথা মনে করিয়ে দেয় — যা হলো ২০০০-এরও বেশি বছর আগে কালভেরী ক্রুশের ওপর আমাদের প্রভু যীশু খ্রীষ্টের আত্মত্যাগ। তাঁর মূল্যবান রক্ত আমাদের জন্য এক সুদূরপ্রসারী এবং অনন্ত স্বাধীনতা কিনে নিয়েছে: পাপ, অসুস্থতা,আসক্তি, আত্মিক বন্ধন এবং বংশগত অভিশাপ থেকে মুক্তি।

***ঈশ্বরের বাক্য ঘোষণা করে:***

***"...তিনি আমাদের জন্য অভিশাপস্বরূপ হলেন "*** (গালাতীয় ৩:১৩)

তাঁর বলিদানের মাধ্যমে আমরা অন্ধকার থেকে উদ্ধার পেয়েছি এবং তাঁর চমৎকার আলোর মধ্যে প্রবেশ করেছি। যীশু খ্রীষ্ট নিজেই ঘোষণা করেছেন:

**"... তোমরা সত্যকে জানবে, আর সেই সত্য তোমাদের মুক্ত করবে"** (যোহন ৮:৩২)।

ঈশ্বরের প্রশংসা হোক - যীশু খ্রীষ্টে আমরা সত্যিই স্বাধীন!

**যীশু খ্রীষ্ট এবং ঝড়**

মার্ক ৪ অধ্যায়ে আমরা একটি শক্তিশালী বিবরণ পড়ি, যেখানে দেখা যায় যে যীশু খ্রীষ্ট নৌকায় ঘুমাচ্ছিলেন আর তাঁর শিষ্যরা এক ভয়াবহ ঝড়ের মুখোমুখি হয়েছিলেন। ভয়ে আচ্ছন্ন হয়ে তারা তাঁকে জাগিয়ে তুলে চিৎকার করে বলেছিলেন:

**"গুরুমহাশয়, আমরা ডুবে যাচ্ছি, আপনার কি কোনও চিন্তা নেই?"**

যীশু খ্রীষ্ট উঠলেন, বাতাস ও সমুদ্রকে ধমক দিলেন এবং তারপর তাঁর শিষ্যদের তাদের বিশ্বাসের ব্যাপারে চ্যালেঞ্জ করলেন। সৃষ্টির ওপর তাঁর পরম কর্তৃত্ব দেখে তারা বিস্ময়ে অভিভূত হয়ে পড়েছিল। মার্ক ৪:৩৬ পদে বলা হয়েছে:

**"যীশু যেভাবে নৌকায় ছিলেন, সেভাবেই তাঁকে নিয়ে শিষ্যেরা নৌকায় যাত্রা করলেন।"**

যীশু খ্রীষ্ট অনবরত পরিচর্যা করে আসছিলেন। তিনি শারীরিকভাবে ক্লান্ত, মানসিকভাবে অবসন্ন ছিলেন এবং জনাকীর্ণ পরিবেশ থেকে দূরে শিষ্যদের সাথে কিছু শান্ত সময় কাটানোর জন্য একটু বিশ্রামের প্রয়োজন বোধ করছিলেন।

তাঁরা তাঁকে "যেভাবে ছিলেন সেভাবেই" নিয়ে গেলেন - ক্লান্ত, পরিশ্রান্ত এবং ঘুমের প্রয়োজন ছিল। নৌকাটি তার যাত্রা শুরু করার সাথে সাথেই যীশু খ্রীষ্ট ঘুমিয়ে পড়লেন।

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2[nd] Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

আমাদের মধ্যে অনেকেই এর সাথে মিল খুঁজে পেতে পারেন। দীর্ঘদিনের কঠোর পরিশ্রম, পরিচর্যা, দায়িত্ব বা সেবামূলক কাজের পর, যখনই আমরা কোনো শান্ত জায়গা খুঁজে পাই, তখনই ক্লান্তি আমাদের গ্রাস করে।

তবুও এই একই পদের মধ্যে একটি ছোট কিন্তু তাৎপর্যপূর্ণ বিবরণ রয়েছে যা প্রায়শই এড়িয়ে যাওয়া হয়-এমন একটি বিবরণ যা গভীর আধ্যাত্মিক প্রকাশ বহন করে:

**"তাঁর সঙ্গে আরও কয়েকটি নৌকা ছিল"** (মার্ক ৪:৩৬)।

কেবলমাত্র মার্কই এই বিবরণটি লিপিবদ্ধ করেছেন। মার্কের সুসমাচারে অনেক উজ্জ্বল প্রত্যক্ষদর্শীর বর্ণনা রয়েছে, যা যীশুর অন্যতম নিকটতম শিষ্য এবং একজন জেলে, পিতরের দ্বারা প্রভাবিত বলে মনে করা হয়।

মার্ক অনন্যভাবে বেশ কয়েকটি বিবরণ লিপিবদ্ধ করেছেন, যার মধ্যে আছে:

- যীশু খ্রীষ্টের বালিশে ঘুমানো (মার্ক ৪:৩৮)
- পাঁচ হাজার লোককে খাওয়ানোর সময় সবুজ ঘাস (মার্ক ৬:৩৯)
- শতক এবং পঞ্চাশের দলগুলো (মার্ক ৬:৪০)

অন্ধ ব্যক্তির দুই ধাপে সুস্থ হওয়া (মার্ক ৮:২২-২৫)

তাই, মার্ক যখন লেখেন, **"তাঁর সঙ্গে আরও কয়েকটি নৌকা ছিল,"** এটি কোন অপ্রয়োজনীয় বিবরণ নয়। এটি একটি শক্তিশালী আধ্যাত্মিক সত্য প্রকাশ করে:

আপনার জীবন লক্ষ্য করা হচ্ছে। আপনার জীবনের ঝড়গুলো পর্যবেক্ষণ করা হচ্ছে। আপনার মুক্তির সাক্ষ্য অন্য কারও মুক্তির পথ হয়ে উঠতে পারে। ঝড়ের মধ্যে যীশু খ্রীষ্টকে অনুসরণ করা ছোট নৌকাগুলোর জন্য আমি ঈশ্বরকে ধন্যবাদ জানাই।

## ছোট নৌকাগুলো আমাদের কী মনে করিয়ে দেয়?

**১। <u>মনে রাখবেন</u>: আপনি এমন ছোট ছোট নৌকা দ্বারা পরিবেষ্টিত যা আপনাকে লক্ষ্য করছে।**

ঈশ্বর আমাদের তাঁর প্রশংসা প্রচার করার জন্য আহ্বান করেছেন:

**"কিন্তু তোমরা এক মনোনীত বংশ, এক রাজকীয় যাজক-সম্প্রদায়, এক পবিত্র জাতি, ঈশ্বরের অধিকারস্বরূপ নিজস্ব এক প্রজা, যেন তোমরা তাঁরই গুণকীর্তন করতে পারো, যিনি তোমাদের অন্ধকার থেকে আহ্বান করে তাঁর আশ্চর্য জ্যোতির মধ্যে নিয়ে এসেছেন"** (১ পিতর ২:৯)।

আমরা খ্রীষ্টের মধ্যে স্বাধীনতা কেবল নিজেদের জন্যই লাভ করিনি, বরং এই উদ্দেশ্যে পেয়েছি যেন তাঁর আলো আমাদের জীবনের মধ্যে দিয়ে উজ্জ্বল হয়ে ওঠে এবং অন্যদের তাঁর কাছে নিয়ে যায়।

আমরা এটি উপলব্ধি করি বা না করি, মানুষ আমাদের লক্ষ করছে — আমাদের বিশ্বাস, আমাদের মনোভাব, আমাদের কথাবার্তা, আমাদের কাজ, চাপের মুখে আমাদের প্রতিক্রিয়া এবং জীবনেরে ঝড়গুলোর মধ্যে আমরা যেভাবে নিজেদের পরিচালনা করি।

যীশু খ্রীষ্ট বলেছিলেন:

**"একইভাবে, তোমাদের দীপ্তি মানুষদের সাক্ষাতে উদ্দীপ্ত হোক, যেন তারা তোমাদের সৎ কর্মগুলি দেখে তোমাদের স্বর্গস্থ পিতার প্রশংসা কীর্তন করে"** (মথি ৫:১৬)।

ঝড়ের মধ্যেও, আমাদের জীবন যেন ঈশ্বরের সততা ও মহিমা প্রকাশ করে এবং অন্যেরা যেন স্বর্গে থাকা আমাদের পিতার প্রশংসা করে।

আমি জানি না কেন সেই ছোট নৌকাগুলো যীশুর নৌকার অনুসরণ করছিল। হয়তো:

- ☐ কেউ কেউ কৌতূহলবশত অনুসরণ করছিল
- ☐ কেউ কেউ তাঁর অলৌকিক কাজ দেখে বিমোহিত হয়ে অনুসরণ করেছিল
- ☐ কেউ কেউ পর্যবেক্ষণ ও সমালোচনা করার জন্য অনুসরণ করেছিল
- ☐ কেউ কেউ ঈশ্বরের বাক্যের (সুসমাচারের) তৃষ্ণার্ত হয়ে অনুসরণ করেছিল
- ☐ কেউ কেউ কেবল আশেপাশেই ছিল, যেমন জেলে এবং পর্যটক/যাত্রী

কারণ যা-ই হোক না কেন, ঝড় আসার পর শিষ্যরা কীভাবে প্রতিক্রিয়া জানিয়েছিল, তারা তা প্রত্যক্ষ করেছিল।

আমাদের চারপাশের এই ছোট নৌকাগুলো কারা?

- আমাদের সন্তানেরা
- আমাদের জীবনসঙ্গী
- আমাদের পরিবারের সদস্যরা
- আমাদের সহকর্মীরা
- আমাদের মণ্ডলীর পরিবার
- আমাদের সম্প্রদায়/সমাজ

আপনি একা একা জীবনের পথ পাড়ি দিচ্ছেন না। আপনার পাশাপাশি ছোট ছোট নৌকা চলেছে, যা আপনার জীবনযাত্রাকে পর্যবেক্ষণ করছে।

**২। <u>মনে রাখবেন</u>: আপনি যীশু খ্রীষ্টকে বহন করছেন-তারা তা করছে না:**

শিষ্যদের নৌকা এবং বাকি ছোট নৌকাগুলোর মধ্যে সবচেয়ে বড় পার্থক্য ঝড় ছিল না - পার্থক্য ছিল যীশু খ্রীষ্টের উপস্থিতি।

ছোট নৌকাগুলো একই জলে ছিল এবং একই ঝড়ের মুখোমুখি হয়েছিল, কিন্তু যীশু খ্রীষ্ট তাদের নৌকায় ছিলেন না।

যাইহোক, আমরা যেখানেই যাই যীশু খ্রীষ্টকে আমাদের সাথে বহন করি। আমরা পবিত্র আত্মার মন্দির। যীশু খ্রীষ্টের উপস্থিতি আমাদের সাথে রয়েছে।

তবুও আমাদের চারপাশের অনেকেই এখনও তাঁকে ছাড়া বেঁচে আছেন-ভয়, বিভ্রান্তি, আশাহীনতা, আত্মিক দাসত্ব এবং পাপের শৃঙ্খলে আবদ্ধ হয়ে। আমরা যারা যীশু খ্রীষ্টকে বহন করি, তারা কীভাবে প্রতিক্রিয়া জানাই, কথা বলি এবং জীবনযাপন করি — তা তারা লক্ষ্য করছেন।

যীশু খ্রীষ্ট ঘোষণা করেছিলেন:

**"প্রভুর আত্মা আমার উপর অধিষ্ঠিত, কারণ দীনহীনদের কাছে সুসমাচার প্রচারের জন্য তিনি আমাকে অভিষিক্ত করেছেন। দরিদ্রদের কাছে সুসমাচার প্রচার করার জন্য; তিনি আমাকে বন্দিদের কাছে মুক্তি প্রচার করবার জন্য; তিনি আমাকে বন্দিদের কাছে মুক্তি প্রচার করার জন্য, নিপীড়িতদের নিস্তার করে বিদায় করার জন্য"** (লূক ৪:১৮)।

মনে রাখবেন: আপনি স্বাধীনতার একজন রাষ্ট্রদূত।

ঈশ্বর আপনাকে মুক্ত করেছেন যাতে আপনি আপনার চারপাশের ছোট নৌকাগুলোর জন্য তাঁর স্বাধীনতার একটি মাধ্যম হতে পারেন।

কখনও ভুলবেন না কে আপনার নৌকায় আছেন-এবং কে নেই।

আপনার জীবন একটি বার্তা, যা মানুষ ইতিমধ্যেই পড়ছে।

আপনি কোন বার্তা প্রচার করছেন?

**৩। <u>মনে রাখবেন</u>: ঝড় প্রতিটি নৌকাকেই স্পর্শ করে!**

ঝড় কেবল যীশু খ্রীষ্টকে বহনকারী নৌকাটিতেই আঘাত হানেনি; এটি জলের ওপর থাকা প্রতিটি নৌকাকেই প্রভাবিত করেছিল।

বিশ্বাসী এবং অবিশ্বাসী উভয়কেই ঝড়ের মুখোমুখি হতে হয়। আমাদের নৌকায় যীশু খ্রীষ্ট থাকার অর্থ এই নয় যে আমরা কখনই ঝড়ের মুখোমুখি হব না— বরং এর অর্থ হল আমাদের এমন একজন ত্রাণকর্তা আছেন যিনি প্রতিটি ঝড়ের চেয়েও মহান।

আমাদের ঝড়গুলো নিম্নলিখিত বিষয়গুলোর

(ক্রমশঃ, ৬ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে আগস্ট থেকে ১৮ই সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

### প্রশংসার বিষয়সমহ

**আগস্ট ১৯ :** প্লেট মেকার, প্লেট গ্রাইণ্ডার, স্ক্রিণ প্রিন্টার এবং অন্যান্যদের থেকে বহিরাগত সহায়তার মাধ্যমে আমাদের 'ইকো অফ হিজ কল' সেবা-কাজকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২০:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষক-শিক্ষিকা এবং তাঁদের পরিবারকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের সেন্ট পেলস্ ম্যাট্রিকুলেশ স্কুলের অধ্যক্ষ, কর্মী ও শিক্ষার্থীদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** ২০২৬ সালের ১০ই আগস্ট অনুষ্ঠিত আমাদের ৫৭তম বার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের মিশন কর্মীদের মহৎ উৎসর্গের জন্য।

**দিন ২৪:** আমাদের সিনিয়র পাস্টর এবং তাঁর পরিবারের প্রতি তাঁর যত্ন ও পরিচর্যার জন্য।

**দিন ২৫:** বিগত মাসে আমাদের সমস্ত চাহিদা পূরণ করার জন্য।

**দিন ২৬:** আমাদের মণ্ডলীগুলোতে নতুন সদস্য যুক্ত করার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রার্থনার সঙ্গী, গ্রাহক সঙ্গী, বিশ্বাসী সঙ্গী, জীবন সঙ্গী, আবেদনকারী সঙ্গী, মহান আদেশ সঙ্গী এবং তাঁদের পরিবারের প্রতি তাঁর দয়ার জন্য।

**দিন ২৮:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন ভর্তির জন্য।

**দিন ২৯:** আমাদের সমস্ত কর্মী এবং তাঁদের পরিবারকে সুরক্ষিত রাখার জন্য।

**দিন ৩০:** নৈতিক ও সামাজিকভাবে এবং আর্থিকভাবে আমাদের পাশে থাকা সঙ্গীদের মাধ্যমে আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩১:** 'ইকো অফ হিজ কল' পত্রিকা সেবাকাজে বিশ্বস্তভাবে সহায়তা করার জন্য আমাদের পরিচর্যাকে নিবেদিতপ্রাণ সহযোগী সম্পাদকদের মাধ্যমে আশীর্ব্বাদ করার জন্য।

**সেপ্টেম্বর ০১:** একতা ও একমন হয়ে দায়িত্ব পালনকারী নিবেদিতপ্রাণ কর্মীদের মাধ্যমে আমাদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীর ছেলে ও মেয়েদের যুব ফেলোশিপকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০৩:** মিশনক্ষেত্রে আমাদের মিশনারী এবং তাঁদের পরিবারগুলিকে সুরক্ষিত রাখার জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**আগস্ট ৪:** ঈশ্বর যেন এই মাসে আমাদের সমস্ত প্রয়োজন পূরণ করেন।

**দিন ৫:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের আমাদের নহিমিয় বাইবেল কলেজের সকল শিক্ষার্থীর জন্য।

**দিন ৬:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের সকল শিক্ষার্থীর জন্য।

**দিন ৭:** আমাদের রাজ্য সমন্বকারীগণ এবং তাঁদের পরিবারের মঙ্গল কামনায়।

**দিন ৮:** ভারতে সুসমাচার অসম্প্রসারিত এলাকাগুলোতে আমাদের পৌঁছানোর সামর্থ্য দানের জন্য।

**দিন ৯:** আমাদের পরিচর্যার কার্যক্রম এবং ভবিষ্যতের সম্প্রসারণের জন্য।

**দিন ১০:** আমাদের প্রিণ্টার,সহকারী প্রিন্টার এবং ছাপাখানার সমস্ত কর্মীদের জন্য।

**দিন ১১:** সারা বিশ্বে নারী ও শিশুদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য।

**দিন ১২:** প্রভু যেন মদ্যপায়ী ও অপকর্মকারীদের মনপরিবর্তন আনেন।

**দিন ১৩:** সমস্ত জাতির মধ্যে একতা ও শান্তির জন্য।

**দিন ১৪:** খ্রীষ্টিয় প্রচারকগণ যেন বিশ্বস্তভাবে এবং কোনো আপস না করে সুসংবাদ প্রচার করেন।

**দিন ১৫:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা ও মণ্ডলীগুলোর ওপর ঈশ্বরের আশীর্ব্বাদ ও সুরক্ষার জন্য।

**দিন ১৬:** ঈশ্বরের যেসব দাস কারাগারে পরিচর্যা কাজ করেন তাঁদের জন্য।

**দিন ১৭:** আমাদের সিনিয়র পাস্টর এস.স্যাম সেলভা রাজ যেন তাঁর বহুমুখী সেবাকাজের জন্য নতুন দর্শন বা অনুপ্রেরণায় আশীর্ব্বাদপ্রাপ্ত হন।

**দিন১৮:** সমস্ত মন্দ শক্তি থেকে আমাদের সিনিয়র পাস্টর, এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের ওপর ঈশ্বরের সুরক্ষার জন্য।

(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)

মাধ্যমে নেমে আসতে পারে:

- ☐ মানসিক লড়াই
- ☐ আর্থিক চাপ
- ☐ পারিবারিক সংগ্রাম
- ☐ স্বাস্থ্যগত চ্যালেঞ্জ
- ☐ আধ্যাত্মিক আক্রমণ

শত্রু ঝড়ের ব্যবহার করে যাতে আমরা কেবল আমাদের নিজস্ব কষ্টের দিকেই মনোযোগ দিই এবং আমাদের চারপাশে থাকা ছোট ছোট নৌকাগুলোর কথা ভুলে যাই। সে আমাদের অভিভূত বা পরাস্ত করতে চায়:

- উদ্বেগ এবং মানসিক বোঝা দিয়ে
- পারিবারিক দায়িত্ব দিয়ে
- আর্থিক সমস্যা দিয়ে
- শারীরিক দুর্বলতা দিয়ে
- আধ্যাত্মিক ক্লান্তি দিয়ে

আমরা যখন সম্পূর্ণভাবে নিজেদের সংগ্রামে ডুবে যাই, তখন যাদের আমাদের প্রার্থনা, উৎসাহ, সহানুভূতি এবং সাক্ষ্য প্রয়োজন— তাদের লক্ষ্য করতে আমরা ব্যর্থ হই।

কিন্তু ঈশ্বর আমাদের ঝড়ের উর্ধ্বে ওঠার আহ্বান জানান।

যিশাইয় ৪০:৩১

**"কিন্তু যারা সদাপ্রভুতে প্রত্যাশা রাখে, তারা তাদের শক্তি নবায়িত করবে। তারা ঈগল পাখির মতোই ডানা মেলবে, তারা দৌড়াবে, কিন্তু ক্লান্ত হবে না, তারা চলাফেরা করবে, কিন্তু মূর্ছিত হবে না।"**

আপনার হয়তো মনে হতে পারে যে আপনি একাকী কোনো উপত্যকার মধ্যে দিয়ে হাঁটছেন, সহ্য করার সাধ্যের চেয়েও ভারী বোঝা বহন করছেন এবং এই ঝড় থেকে মুক্তি, বা পালানোর পথ খুঁজছেন। তবুও, যিনি আপনাকে ডেকেছেন, সেই ঈশ্বর বিশ্বস্ত থাকেন।

আজ আপনি যে ঝড়ের মুখোমুখি হচ্ছেন, তা হয়তো এমন সাক্ষ্যে পরিণত হতে পারে যা আপনার যাত্রা প্রত্যক্ষ করা অসংখ্য ছোট ছোট নৌকার জন্য আশা এবং স্বাধীনতা বয়ে আনবে।

আপনি এখন যে লড়াইয়ের মুখোমুখি হচ্ছেন, ঈশ্বর সেটিকে অন্যদের জন্য আশীর্বাদে রূপান্তর করতে পারেন—এমনকি তাদের জন্যও যাদের হয়তো আপনি কখনোই চিনবেন না।

সাহসী হোন।

আপনার নৌকায় যীশু খ্রীষ্ট থাকার অর্থ কী, তা ছোট নৌকাগুলোকে দেখিয়ে দিন।

## ৪। ঝড়ের মধ্যে আপনার প্রতিক্রিয়া ছোট নৌকাগুলোকে প্রভাবিত করে

যখন শিষ্যরা আতঙ্কিত হয়ে কেঁদে উঠেছিল: "গুরু, আমরা মারা যাচ্ছি, তাতে কি আপনার কোনো চিন্তা নেই?" তাদের আশেপাশের ছোট নৌকাগুলো নিশ্চয়ই ভয়ে ভরে উঠেছিল।

যে নৌকাটি যীশু খ্রীষ্টকে বহন করছিল সেটিই যদি কাঁপতে থাকে, তবে অন্যদের আর কী আশা থাকতে পারে?

যে নৌকাটি যীশু খ্রীষ্টকে বহন করছিল সেটিই যদি কাঁপতে থাকে, তবে অন্যদের আর কী আশা থাকতে পারে?

সংকটের মুহূর্তে আপনার প্রতিক্রিয়া প্রায়শই স্বাচ্ছন্দ্যের সময়ের কথাগুলোর চেয়ে অনেক বেশি প্রভাবশালী হয়।

আপনি কি তাদের মতো প্রতিক্রিয়া জানান যাদের কোনো আশা নেই? নাকি আপনি ঝড়ের মধ্যেও আপনার সাথে যিনি আছেন তাঁকে প্রকাশ করেন?

তিনজন ইব্রীয় যুবক ঘোষণা করেছিলেন:

"আমরা যাঁহার সেবা করি, আমাদের সেই ঈশ্বর আমাদিগকে প্রজ্বলিত অগ্নিকুণ্ড হইতে উদ্ধার করিতে সমর্থ আছেন...আর যদি নাও হয়, ..." (দানিয়েল ৩:১৭-১৮)।

বিশ্বাসের কী এক শক্তিশালী প্রকাশ:

"আর যদি নাও হয়...।"

আমাদের কি এমন বিশ্বাস আছে যা কেবল পরিস্থিতির ওপর নির্ভর করে না — এমন এক বিশ্বাস যা দূর থেকে দেখা প্রতিটি ছোট নৌকাকে শক্তি জোগায়?

পৌল ঘোষণা করেছিলেন:

"**... কেননা যাঁহাকে বিশ্বাস করিয়াছি, তাঁহাকে জানি...**" (২ তীমথিয় ১:১২)।

ঝড়ের সময় আপনার বিশ্বাস অন্য কারও শক্তির উৎস হয়ে উঠতে পারে।

## ৫। মনে রাখবেন: ছোট নৌকাগুলো আপনার উদ্ধারের ওপর ভরসা করে

যীশু খ্রীষ্ট যখন ঝড় থামিয়েছিলেন, তখন তাঁর চারপাশের প্রতিটি ছোট নৌকা তাঁর শক্তির প্রভাব অনুভব করেছিল। অলৌকিক এই ঘটনাটি কেবল শিষ্যদের জন্যই ছিল না; এটি কাছাকাছি থাকা প্রতিটি নৌকায় শান্তি নিয়ে এসেছিল।

প্রিয় ভাই ও বোনেরা, কখনও কখনও ঈশ্বর আমাদের কঠিন পরিস্থিতি, ঝড়, পরীক্ষা এবং অপ্রত্যাশিত সময়ের মধ্য দিয়ে যাওয়ার অনুমতি দেন কারণ তিনি অন্যদের মাঝে আশা জাগাতে আমাদের মুক্তিকে ব্যবহার করতে চান।

আপনার অভাবনীয় সাফল্য অন্য কারও জন্য আশীর্বাদ হয়ে উঠতে পারে।

আপনার প্রার্থনা অন্য একজন মানুষের জন্য বন্ধ দুয়ার খুলে দিতে পারে।

আপনার ধৈর্য ও অধ্যবসায় গোপনে লড়াই করে

(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)


নহিমিয় বাইবেল কলেজসমূহ

চীপক্ এবং সন্তোষপুরম, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আংশিক সময়)

ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা ৫০ বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press - Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
18. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
19. **Telugu Service : 4.00 p.m. Sunday**
20. **Hindi Service : 5.00 p.m. Sunday**
21. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
22. Feedback Time : 7.30 p.m. Sunday
23. Women's Prayer : 5.30 p.m. Wednesday
24. Hindi Prayer : 7.00 p.m. Wednesday
25. Men's Prayer : 7.30 p.m. Friday
26. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
27. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
28. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
29. Ministers' Meeting : 5.30 p.m. First Saturday
30. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
31. Night Prayer : 9.30 p.m. Third Friday
32. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
33. Holy Communion : Second Sunday Service
34. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
35. Staff Devotion : 9.00 a.m. daily
36. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টিনদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টিন নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## আপনি শতগুণ পাবেন এবং অনন্তজীবনের অধিকারী হবেন !

*"তোমার হস্ত যে কোন কার্য করিতে পায়,তোমার শক্তির সহিত তাহা কর..."*(উপদেশক ৯:১০)।
*"যে জন বায়ু মানে,সে বীজ বপন করিবে না; এবং যে জন মেঘ দেখে, সে শস্য কাটিবে না"*(উপদেশক ১১:৪)।

ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম এবং বাইবেল কলেজের মাধ্যমে সর্বস্তরের মানুষের কাছে বাইবেলের গভীর সত্য পৌঁছে দেওয়ার একটি তীব্র ইচ্ছা আমার বহুদিনের ছিল। এই ভার আমার হৃদয়ে গভীরভাবে গেঁথে গিয়েছিল এবং বছরের পর বছর ধরে তা আরও শক্তিশালী হতে থাকে। তবে, আমি নিজেকে অসহায় বোধ করছিলাম, কারণ এই দৃষ্টিভঙ্গি বা স্বপ্ন বাস্তবায়ন করার জন্য আমার কোন আয়ের উৎস ছিল না। আমাকে পথ দেখানোর বা সাহায্য করার মতোও কেউ ছিল না। সেই সময়ে, আমার পরিবার ও আমি খুব কষ্টে একটি ছোট ঘরে খুব সাধারণ সুযোগ-সুবিধার মধ্যে চরম দারিদ্রের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছিলাম।



১৯৮০ সালে, আমি ইণ্ডিয়া বাইবেল লিটারেচার নামক একটি সংস্থা থেকে একটি সুসমাচারের প্যাকেট পাই। সেটি খোলার পর, আমি বেশ কিছু সুসমাচারের পুস্তিকা এবং একটি ডাকযোগে বাইবেল পাঠক্রমের বই দেখতে পাই। সেগুলি পড়ার সাথে সাথে, আমার মনে একই ধরনের উপকরণের মাধ্যমে বিভিন্ন ভাষায় সারা ভারতের মানুষের কাছে পৌঁছানোর তীব্র আগ্রহ জন্মায়। আর কোনো দেরি না করে, আমি আমার পুরানো সাইকেলটি চালিয়ে চেন্নাইয়ের থাউজেণ্ড লাইট্সে অবস্থিত ইণ্ডিয়া বাইবেল লিটারেচারের কার্যালয়ে চলে যাই।



সেখানে, শ্রী ভেলু (যিনি শ্রী বেলায়ুথাম নামেও পরিচিত) নামের এক যুবকের সাথে আমার দেখা হয়, যিনি বর্তমানে একজিকিউটিভ ডিরেক্টর (নির্বাহী পরিচালক) হিসেবে সেবা করছেন। তাঁকে খুব যত্ন সহকারে করেসপণ্ডেস কোর্সের বই প্যাক এবং প্রেরণ করতে দেখে ঈশ্বরকে মহিমান্বিত করার জন্য অনুরূপ কাজ করতে আমি অনুপ্রাণিত হই।

আমি সশ্রদ্ধচিত্তে তাঁর কাছে গিয়ে জিজ্ঞাসা করলাম যে তিনি আমাকে কিছু কোর্সের বই দিতে পারবেন কিনা। তিনি আমাকে জানালেন যে প্রতিটি বইয়ের দাম ৫০ পয়সা। আমি তাঁকে বোঝালাম যে আমি একটি দরিদ্র পরিবার থেকে এসেছি এবং একটি সরকারি দফতরে সামান্য মাসিক বেতনে চাকরি করি। আমার পরিস্থিতি দেখে ব্যথিত হয়ে তিনি উদারভাবে আমাকে বিনামূল্যে ১০টি বই দিলেন।

তবুও, আমি সন্তুষ্ট হতে পারলাম না। ভেপেরি হলের ভেতরে স্তূপ করে রাখা প্রচুর বইয়ের দিকে আমি জানালা দিয়ে তাকিয়ে রইলাম। মনে হচ্ছিল যেন বইগুলো আমাকে ডাকছে, আমাকে অনুরোধ করছে যাতে আমি সেগুলি নিয়ে এমন সব মানুষের হাতে তুলে দিই



যাদের খ্রীষ্টের জ্ঞান প্রয়োজন। সেখান থেকে ছেড়ে চলে যাওয়া আমার পক্ষে সম্ভব হচ্ছিল না।

কিছুক্ষণ পর, অন্য একজন ভদ্রলোক আমার কাছে এসে জিজ্ঞাসা করলেন, "আপনি কে, এবং কেন আপনি এতক্ষণ ধরে এখানে দাঁড়িয়ে আমাদের অফিসের দিকে তাকিয়ে আছেন?" আমি বুঝিয়ে বললাম যে আমি সীমিত আয়ের একজন মানুষ,যার জীবন্ত ঈশ্বর যীশু খ্রীষ্টের সেবা করার প্রবল ইচ্ছা রয়েছে, এবং আমি আরও কিছু দূরশিক্ষণ পাঠক্রমের বই পেতে চাই। তিনি আমাকে বললেন যে প্রয়োজনীয় টাকা আনলে আমি সেগুলো কিনতে পারবো।

সেই মুহূর্তে, আমি একটি কঠিন সিদ্ধান্ত নিলাম—আমি আমার পুরোনো বাইসাইকেল বিক্রি করার সিদ্ধান্ত নিলাম, যা ছিল আমার একমাত্র সম্পত্তি এবং যাতায়াতের মাধ্যম।

আমি অবিলম্বে কাছের একটি বাইসাইকেল মেরামতের দোকানে গেলাম,

একশত টাকায় আমার বাইসাইকেলটি বিক্রি করলাম এবং দুইশত দূরশিক্ষণ কোর্সের বই কিনলাম। যাতায়াতের একমাত্র মাধ্যমটি ত্যাগ করে,থাউজেণ্ড লাইটস থেকে আমার বাড়ি পর্যন্ত প্রায় পাঁচ কিলোমিটার পথ হেঁটে যাওয়ার সময় আমি বইগুলো আমার কাঁধে এবং মাথায় করে বহন করেছিলাম।

এত ভারী বোঝা বহনে অভ্যস্ত না থাকায়, আমি শীঘ্রই ক্লান্ত হয়ে পড়লাম। দুইবার বইগুলো আমার কাঁধ থেকে পিছলে রাস্তায় পড়ে গেল। আমার এই কষ্টের সময় কিছু লোক আমাকে নিয়ে উপহাস করায় আমি অসহায় ও অপমানিত বোধ করেছিলাম। তা সত্ত্বেও, ঈশ্বরের অনুগ্রহে আমি নিরাপদে বাড়ি পৌঁছালাম এবং আমার সমস্ত শক্তি দিয়ে বইগুলো বিতরণ করতে শুরু করলাম।

প্রয়াত ভাই এম.পলরাজের সাহায্যে, ঈশ্বর আমাকে "নিউ লাইফ ফর ইউ!" দূরশিক্ষণ কোর্স চালু করার সামর্থ্য দেন। পরবর্তীতে, আমরা **তাঁর আহ্বানের প্রতিধ্বনি নহিমিয় সান্ধ্য বাইবেল কলেজগুলি** প্রতিষ্ঠা করি।

হ্যাঁ, আমার প্রিয় বন্ধু, এমন এক সময় ছিল যখন আমি ব্যক্তিগতভাবে আমার যৌবনে সুসমাচার সাহিত্য আমার কাঁধে এবং মাথায় করে বহন করতাম। এটি ছিল আমার যৌবনকালের একটি যন্ত্রণাদায়ক ও অপমানজনক অভিজ্ঞতা।

কিন্তু আজ, ঈশ্বর আমাকে বহন করার জন্য এবং গসপেল সামগ্রী ও পরিচর্যা কর্মীদের যাতায়াতের জন্য গাড়ি ও মিনিবাস প্রদান করেছেন।

প্রিয় বন্ধু, ঈশ্বর আপনার জীবন এবং আপনার ভবিষ্যতের জন্যও একটি অনন্য পরিকল্পনা রেখেছেন। আপনার কাছে এখনও সময় আছে। ঈশ্বরের রাজ্যের জন্য আপনি প্রভুর চরণে যা-কিছুই সমর্পণ করবেন,তা কখনোই বৃথা যাবে না। যীশু খ্রীষ্টকে আপনার আদর্শ হিসেবে গ্রহণ করুন এবং ঈশ্বরীয় রাজ্যের দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁর পরিচর্যায় মূল্যবান কিছু বিনিয়োগ করুন। আপনার জীবনে ঈশ্বরের আশীর্বাদের কোনো শেষ থাকবে না।

মনে রাখবেন:

জীবন একটাই;তা শীঘ্রই শেষ হয়ে যাবে;শুধুমাত্র খ্রীষ্ট যীশুর জন্য যা করা হবে, তাই চিরস্থায়ী হবে!

ঈশ্বরের প্রশংসা করুন...

---

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

চলা কোনো মানুষকে শক্তি জোগাতে পারে।

কখনও কখনও ঈশ্বর আমাদের ঝড়ের মধ্য দিয়ে যাওয়ার অনুমতি দেন,যাতে আমাদের জীবনগাঁথা বা সাক্ষ্য অন্য কোনো মানুষেরে মুক্তির পথ হয়ে ওঠে।

পৌল এবং সীলের কথা স্মরণ করুন। যখন তাঁদের বন্দি করা হয়েছিল এবং শিকলে বাঁধা হয়েছিল, তাঁরা হতাশায় আত্মসমর্পণ করেননি। তার পরিবর্তে, তাঁরা ঈশ্বরের আরাধনায় সুর মিলিয়েছিলেন।

বাইবেল বলে:

**"কিন্তু মধ্যরাত্রে পৌল ও সীল প্রার্থনা করিতে করিতে ঈশ্বরের উদ্দেশে স্তোত্র গান করিতেছিলেন, এবং বন্দিগণ কাণ পাতিয়া শুনিতেছিল"** (প্রেরিত ১৬:২৫)।

আপনার চারপাশে থাকা মানুষজন, যারা ভয়, মিথ্যা এবং শত্রুর চক্রান্তে আটকা পড়েছে, তারা আপনার ঝড়ের মধ্য দিয়ে চলার সময় আপনাকে শুনছে।

তারা কী শুনছে?

তারা কি আরাধনা,বিশ্বাস এবং বিজয়ের ধ্বনি শুনছে?

নাকি তারা জয়, অভিযোগ এবং হতাশার সুর শুনছে?

তারপর হঠাৎ:

**"মহাভূমিকম্প হইল,এমন কি, কারাগারের ভিত্তিমূল কাঁপিয়া উঠিল; আর অমনি সমস্ত দ্বার খুলিয়া গেল, ও সকলের বন্ধন মুক্ত হইল"** (প্রেরিত ১৬:২৬)।

আমার প্রিয় ভাই ও বোনেরা, এই শব্দটি খেয়াল করুন:

"সকলে!"

শুধু পৌল এবং সীলই নন—সকলে তাদের স্বাধীনতা পেয়েছিলেন।

তাদের কাছাকাছি থাকা পরিচিত ও অপরিচিত বন্দীরা স্বাধীনতার অভিজ্ঞতা লাভ করেছিল, কারণ ঈশ্বরের দুই দাস কষ্টের মধ্যেও আরাধনাকে বেছে নিয়েছিলেন।

এটাই ঈশ্বরের অনুগ্রহের ক্ষমতা।

আপনার আরাধনাই এমন একটি চাবি হয়ে উঠতে পারে যা এমন সব শিকল খুলে দেয়, যা আপনি হয়তো আর কখনো দেখতেও পাবেন না। আমেন।

## সবার জন্য স্বাধীনতা

যীশু খ্রীষ্ট আমাদের প্রত্যেককে তাঁর স্বাধীনতার মাধ্যম বা হাতিয়ার হওয়ার জন্য আহ্বান জানিয়েছেন—যাতে আমরা শত্রুর চক্রান্তে (প্রতারণা, ভয় ও অন্ধকার) বন্দী মানুষদের কাছে পৌঁছাতে পারি।

ছোট ছোট নৌকাগুলো এখনও আমাদের চারপাশে রয়েছে।

তারা আশার সন্ধান করছে।

তারা শান্তির জন্য ব্যাকুল হয়ে আছে।

তারা যীশু খ্রীষ্টের বাস্তবতা দেখার জন্য অপেক্ষা করছে।

আপনি এবং আমি হতে পারি যীশু খ্রীষ্টের সেই প্রতিফলন,যা তারা দেখতে পায়।

কেবল নিজের নৌকায় যীশু খ্রীষ্টকে পেয়েই সন্তুষ্ট থাকবেন না। আপনার চারপাশের ছোট নৌকাগুলোরও তাঁকে প্রয়োজন।

ঈশ্বর আমাদের চারপাশের লক্ষ লক্ষ মানুষের কাছে তাঁর স্বাধীনতা পৌঁছে দেওয়ার সামর্থ্য দেন—যাদের অনেকের সাথে হয়তো অনন্তকালের আগে আমাদের কখনোই দেখা হবে না। ঈশ্বর আমাদের সেই মানুষদের জন্য প্রকৃত 'স্বাধীনতা সংগ্রামী' হতে ডেকেছেন, যারা এখনও যীশু খ্রীষ্টের উপস্থিতি ছাড়াই ছোট ছোট নৌকায় ভেসে চলেছে।

ছোট নৌকাগুলোর কথা মনে রাখবেন!!

************

**বিজ্ঞপ্তি**

**আপনার মোবাইল ফোনে আমাদের প্রধান ফোন নম্বরগুলি সেভ করে রাখুন।**

(+91) 98410 71858,
(+91) 98412 71858

— সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th AUGUST 2026
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**